দামুড়হুদায় জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১০ টার দিকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সমস্ত ভোটকেন্দ্রে যেন সাধারণ মানুষ নির্বিঘ্নে ভোট প্রদান করতে পারে সেজন্য জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের নেতৃত্বে আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচন সুষ্ঠু এবং নিরপেক্ষ ভাবে সম্পূর্ণ করার জন্য সকল ভোট কেন্দ্রে যেন সাধারণ জনগণ তাদের ভোটাধিকার নির্বিঘ্নে প্রয়োগ করতে পারে, প্রতিটা নাগরিক যেন নির্বিঘ্নে ও নিরবিচ্ছিন্নভাবে তাদের ভোটাধিকার নিশ্চিত করতে পারে, এতে যেনো কেউ বাধা প্রদান করতে না পারে সে লক্ষে মহড়া প্রদর্শন করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। জেলার সব স্থানের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ বদ্ধপরিকর।

এ সময় উপস্থিত ছিলেন, পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) জাকিয়া সুলতানা, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল), জেলা গোয়েন্দা শাখা (ডিবি) অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ সহ বিভিন্ন পদমর্যাদার অফিসার বৃন্দ মহড়ায় উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক

[redacted]

[redacted]

বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা পুলিশের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের উদ্যোগে মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক ‘আসুন, আমরা সবাই মিলে ব্যাপকভাবে এদেশে বৃক্ষরোপণ করি এবং আমাদের সোনার বাংলাকে আরো সবুজ করি’ এবং ‘গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি’ প্রতিপাদ্যকে সামনে রেখে পুলিশ লাইন্সে বিভিন্ন ধরণের ফলজ গাছ রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় বিভিন্ন জাতের উন্নতমানের ফলজ বৃক্ষ রোপন করা হয়। পর্যায়ক্রমে জেলা পুলিশের সকল ইউনিটে বনজ, ফলদ ও ভেষজ বৃক্ষের চারা রোপন করা হবে।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ , আরআই পুলিশ লাইন আমিনুল ইসলাম, মোটরযান শাখার ইনচার্জ জিহাদুল হাসান সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সগণ।

চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট; ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আয়োজনে মিনিস্টার গ্রুপের সহায়তায় পুলিশ সুপার কাপ আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট ২০২৩-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল চারটার সময় পুলিশ লাইন্স একাদশ বনাম পুলিশ অফিস একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়।

উক্ত খেলায় পুলিশ লাইন্স একাদশ ১-০ গোলে জয় লাভ করে।উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি সফল ভাবে টুর্নামেন্ট শেষ করার জন্য এবং খেলাধুলার প্রতি বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য পুলিশ সুপারকে ধন্যবাদ দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিসেস পুলিশ সুপার ও সভানেত্রী পুনাক ফরিদা ইয়াসমিন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, সহ-সভানেত্রী (পুনাক) নাহিদা আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার-ফোর্স ও সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা ও সাম্প্রতিক সভা

বাংলাদেশ পুলিশের অ্যাডিশনাল আইজি (ক্রাইম এন্ড অপস্) সভাপতিত্বে বেলা এগারোটার সময় আইজিপি মিনি কনফারেন্স রুমে সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে চুয়াডাঙ্গা জেলা পুলিশের জুলাই ও আগস্ট মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ থেকে উক্ত ভিডিও কনফারেন্সে সংযুক্ত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। ভার্চুয়ালি মিটিংয়ে দুই মাসের অপরাধ পরিসংখ্যান, এনইআর দাখিল, আসামির অনুপস্থিতে বিচার, আদালতের সাক্ষ্য প্রদান ও সাক্ষ্য দেয়ার আগে সাক্ষীকে ব্রিফিং প্রদান সংক্রান্ত তথ্য ও অভিজ্ঞতা, মামলার

তদন্ত ও বিচারের ফলাফল এবং সাজার হার বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

উক্ত কনফারেন্সে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান , কোর্ট পুলিশ পরিদর্শক নাসির উদ্দীন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

মেহেরপুরে হারানো ৩৯ ফোন উদ্ধার করে দিল পুলিশ

হারানো ৩৯টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের হাতে তুলে দিয়েছে পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট। সেইসঙ্গে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভুল নম্বরে চলে যাওয়া ৬০ হাজার টাকা উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে হস্থান্তর করা হয়েছে।

মঙ্গলবার (৮ আগষ্ট) বেলা ১২ টায় মেহেরপুর পুলিশ সুপারের কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনে প্রকৃত মালিকদের কাছে মোবাইল ফোন ও টাকা হস্থান্তর করেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

তিনি জানান, ১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৩৯টি মোবাইল ফোন ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভুল নম্বরে চলে যাওয়া ৬০ হাজার টাকা উদ্বার করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট। সেগুলো প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

উদ্ধারকৃত টাকা ও মোবাইল ফোনের মধ্যে সদর থানা ১৩ টি, গাংনী থানা ১৫ টি ও মুজিবনগর থানায় ১১ টি ফোন ও টাকা উদ্ধার করা হয়েছে।

এ সময় সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলমসহ পুলিশের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আইনশৃঙ্খলা মহড়া অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর দিকনির্দেশনায় প্রত্যেকটি থানা এলাকায় একযোগে আইন-শৃঙ্খলা মহড়া অনুষ্ঠিত হয়।

শনিবার সকাল বিকেলে চুয়াডাঙ্গা জেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল ইউনিট।

চুয়াডাঙ্গা জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং যেকোন ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তাৎক্ষণিকভাবে প্রতিরোধে করতে পুলিশ সুপার নির্দেশনা মোতাবেক চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান ও সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিরা সুলতানা এর নেতৃত্বে ডিবি, সদর থানা, সদর ফাঁড়ি, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা, জীবননগর থানা, আলমডাঙ্গা থানার অফিসার ও ফোর্সের সমন্বয়ে প্রত্যেক থানা এলাকার প্রধান প্রধান সড়ক সমূহ প্রদক্ষিণ করে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের

[redacted]

[redacted]

[redacted]

[

আনিসুজ্জামান, সভাপতি চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও সম্পাদক দৈনিক মাথাভাঙ্গা সরদার আল আমিন, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখার মোহাম্মদ আবদুল আলীম, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ইনচার্জ শেখ মাহাবুব সহ চুয়াডাঙ্গাসহ সাইবার ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গায় কর্মরত অফিসারগণ।

চুয়াডাঙ্গায় ডেঙ্গু প্রতিরোধে জেলা পুলিশের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও বর্ণাঢ্য র্যালি

বঙ্গবন্ধুর বাংলাদেশে পুলিশ আছে জনতার পাশে এই প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়।

আজ রবিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানা হতে র্যালি শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুলিশ সুপারের কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

এ সময় তিনি বলেন, বর্তমান আবহাওয়া পরিস্থিতি বিবেচনায় ডেঙ্গু রোগী বিভিন্ন স্থানে সনাক্ত হচ্ছে ।ডেঙ্গু প্রতিরোধে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে ইতিমধ্যে বিভিন্ন প্রকার কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতাই চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি বাহির করা হয়েছে।

উক্ত র্যালিতে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর

সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (প্রশাসন), সদর কেন্দ্রিক সকল ইন্সপেক্টরগণ, আরআই, পুলিশ লাইন্সসহ চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে এ সময় ভালো কাজের স্বীকৃতিস্বরূপ ৪১ জনকে ক্রেস্ট, সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করা হয়। মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে জুলাই মাসের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন উক্ত কল্যাণ সভায় অংশগ্রহণকারী সকল অফিসার- ফোর্সদের কথা মনোযোগ সহকারে শোনেন। পূর্ববর্তী কল্যাণ সভায় উপস্থাপিত বিষয়ে সমাধানসহ সার্বিক বিষয়ে আলোচনা করেন। চাহিদার প্রেক্ষিতে থানা/ক্যাম্প/ফাঁড়িতে দাপ্তরিক ব্যবহার্য জিনিস-পত্রাদি প্রদান করেন। চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত অফিসার ফোর্সদের বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করায় এবং দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় ভালকাজের স্বীকৃতি স্বরূপ সর্বমোট ৪১ জনকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, সহকারী পুলিশ সুপার(দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার, মোঃ আলমগীর কবীর, ডিআইও-১, জেলা বিশেষ শাখা, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সবৃন্দ।